স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই কার্ত্তিক বুধবার ১৩৭০ ইংরাজী 30th Oct. 1963 | ২২শ সংখ্যা





সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে দোর ময়লা হবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, অগ্রিম দেয় নগদ মূল্য ৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড) আমাদের বিশেষত্ব :—

- এক সঙ্গে সেট বই সরবরাহ করা
- শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
- ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
- আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই কার্ত্তিক বুধবার সন ১৩৭০ সাল।

## বিজয়ার সম্ভাষণ ও আলিঙ্গন

আমরা চিরাচরিত প্রথানুসারে আমাদের গুরুজনকে প্রণাম, সমবয়স্কগণকে নমস্কার ও বয়কনিষ্ঠগণকে শুভেচ্ছাসহ স্নেহাশীর্ব্বাদ জ্ঞাপন করিতেছি।

আমরা সুদীর্ঘ পঞ্চাশ বৎসর কাল জঙ্গিপুর মহকুমাবাসীর সহানুভূতি ও সহযোগিতা লাভ করিয়া এই ক্ষুদ্র সাপ্তাহিক সংবাদপত্র পরিচালনা করিতেছি। জনগণের ঐকান্তিক সহযোগিতাই আমাদের মূলধন।

আমাদের এমন পাঠক পাঠিকা, গ্রাহক গ্রাহিকা ও বিজ্ঞাপনদাতা আছেন যাঁহারা "জঙ্গিপুর সংবাদের" জন্মাবধি সম্পর্ক রাখিয়া স্বজন বা আত্মীয়ের মত হিতাকাঙ্ক্ষী। আমরা তাঁহাদের মর্য্যাদানুসারে অভিবাদন জানাইতেছি।

---

## মা এসেছিলেন মা স্বস্থানে গেলেন

আমরা আনন্দময়ীকে যার যেমন দশা তেমনিভাবে দর্শন ও সভক্তি প্রণাম করিলাম। আমাদের প্রাপ্য যে কি তাহার পরিমাণ আমরা জানিনা যে, দাবি করবো "মা চলে গেলি কই আমাদের পাওনা দিয়ে গেলি না?"

প্রত্যেক বৎসরই সামান্য আয়োজন করিয়া চণ্ডীমণ্ডপে যাঁহারা মায়ের প্রতিমা পূজা করেন তাঁহারা কত রকমারি দ্রব্য পাইবার জন্য "দেহি দেহি" করেন, কিন্তু কই কত ভক্তের সাতপুরুষের চণ্ডীমণ্ডপে ফাট ধরিয়াছে, তাহাতে অশ্বত্থ বট প্রভৃতি বৃক্ষ জন্মিয়া সর্পাদির বাসস্থান হইয়াছে তাহা লক্ষ্য করিলে মনে হয় মা "দেহি দেহি" শব্দে কর্ণপাতও করেন না। করিবেনই বা কেন? মায়ের আদর্শে যদি আমরা দিনপাত করিতে পারি তবে আমরা তাঁহার গৃহকর্ত্তা সদানন্দের মত সদানন্দে দিন যাপন করিতে পারি। সকল দেবতাই 'দেব' নামে খ্যাত আর শ্মশানবাসী ভিক্ষাজীবী শিব—মহাদেব। মা তোমার শিবকে বলে যদি তাঁর গাঁজা ভাঙ ইত্যাদি বাদ দিয়ে দারিদ্র্যের মধুরঃ আমাদের দান করেন তবে আমরা কৃতার্থ হই মা। তাঁর মত আশুতোষ হওয়া কিন্তু খুব কঠিন।

---

## ভিখারীর বিজয়ার গান

মা জগদম্বা তাঁহার পিত্রালয় গিরিরাজ হিমালয় ভবনে মাত্র তিন দিন থাকিয়া শিবের সহিত কৈলাসে গমন করিলে জননী মেনকা তিন দিনকে স্বপ্ন বলিয়া স্বামীর নিকট বিলাপ করিতেছেন। পূর্ব্বে ভিক্ষুক এক মুষ্টি তণ্ডুল বা একটি পয়সার বিনিময়ে রাণীর খেদ বেহালা বাজাইয়া গান করিত।



### গান

গিরি! গৌরী আমার এসেছিল।
যেন স্বপ্নে দেখা দিয়ে
চৈতন্য করিয়ে চৈতন্যরূপিণী
কোথা লুকাইল।
কহিছে শিখরী কি করি অচল,
নাহি চলাচল, হলাম হে অচল,
চঞ্চলার মত জীবন চঞ্চল
অঞ্চলের নিধি পেয়ে হারাইল।
দেখা দিয়ে কেন এত মায়া তার,
মায়ের প্রতি মায়া হলো না মহামায়ার
দেখ দেখ গিরি, কি দোষ আমার
পিতৃ দোষে মা মোর, পাষাণী হ'ল।

---

## সরকারী গুদামে পচা আটা

জঙ্গিপুর মহকুমার রেশন দোকানে সরকারী গুদাম হইতে যে আটা দেওয়া হইতেছে তাহা মনুষ্য খাদ্যের অযোগ্য বলিয়া জনসাধারণ অভিমত প্রকাশ করিতেছে। আটা সত্যই খাদ্য হিসাবে ব্যবহারের অযোগ্য কিনা তাহা পরীক্ষা করার জন্য মুর্শিদাবাদের জেলা শাসক ও জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। তাঁহারা আবলম্বে এই বিষয়ের প্রতিকার করুন।

---

## পাট কেনায় ধাপ্পাবাজী

এ সময়ে জঙ্গিপুর মহকুমার বাগড়ীর গ্রামাঞ্চলে প্রায় গৃহস্থই কিছু পাট বিক্রয় করেন—এই ফাঁকে সুচতুর দালালগণ বেশী ওজনের আড়াইসেরী বাটখারা ব্যবহারে নিরীহ গৃহস্থকে ঠকাইয়া দু'পয়সা উপায়ের চেষ্টা করে। দুষ্ট প্রকৃতির দালালগণের এই হীন-প্রচেষ্টা যাহাতে চালু না হয় তজ্জন্য দুর্নীতিদমন বিভাগের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## চূড়ান্ত ক্ষতিপূরণ

মুর্শিদাবাদ—বীরভূমের সেটেলমেণ্ট অফিসার শ্রীসমর গুপ্ত জানাইয়াছেন—

সেটেলমেণ্ট বিভাগের মাধ্যমে, জমিদারী গ্রহণ আইন অনুসারে দেয় চূড়ান্ত ক্ষতিপূরণ, হাতে হাতে দেওয়ার যে ব্যবস্থা করা হইয়াছিল তাহাতে গত সেপ্টেম্বর মাস পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকাধীন ২৭,১৩০ জন মধ্যস্বত্বভোগীকে মোট ৮,১২,৮৮২.৯৪ নঃ পঃ মিটাইয়া দেওয়া হইয়াছে।

জনসাধারণের অবগতির জন্য এই সংবাদটি আপনার পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করিলে অনুগৃহীত হইব।

## বাংলা ভাষার প্রতি শ্রদ্ধাঞ্জলি

—•—

বিহারের স্বাস্থ্যমন্ত্রী শ্রী এ কিউ আন্সারী পাটনা সহরে বলেন, বাংলা ভাষা শুধু সাহিত্যেই সমৃদ্ধ নয়—'জাতীয় সংহতি ও অখণ্ডতা' রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কেও অবিরাম প্রচার চালাইয়া যাইতেছে। আজকার দিনে উহার যথেষ্ট প্রয়োজনও আছে। রাজা রামমোহন রায় সেমিনারীর বঙ্গ সাহিত্য পারষদের বার্ষিক অনুষ্ঠানের উদ্বোধন করিয়া শ্রী আন্সারী বলেন, বাংলা ভাষায় রচিত হইয়াছে আমাদের জাতীয় সঙ্গীত 'জনগণমন' এবং 'বন্দেমাতরম্'। এই জাতীয় সঙ্গীত সমগ্র জাতিকে জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করিয়াছে। বাংলা দেশে রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র এবং নজরুল ইসলামের মত সাহিত্যিকরা জন্মগ্রহণ করিয়াছেন। তাঁহাদের রচনাবলী শুধু ভারতে নয়—সমগ্র বিশ্বে স্বীকৃতি পাইয়াছে। শ্রী আন্সারী বলেন, চীনা আক্রমণের ফলে ভারতীয়দের মধ্যে ঐক্যবোধ জাগ্রত হইয়াছে। এখন সমস্ত তুচ্ছ মতবিরোধ ভুলিয়া গিয়া আক্রমণকারীদের ভারতভূমি হইতে বিতাড়িত করিতে হইবে।

## সাহিত্যে নোবেল পুরস্কার

—•—

গ্রীক কবি জিওরগস শেফারিসকে ১৯৬৩ সালের সাহিত্যে নোবেল পুরস্কার দেওয়া হইয়াছে। ৬৩ বৎসর বয়স্ক কূটনীতিক—শ্রীশেফারিসই গ্রীকদের মধ্যে প্রথম নোবেল পুরস্কার পাইলেন।

## চীন-ভারত সংঘর্ষ পুস্তিকাটি বাজেয়াপ্ত

—•—

সরকার নিউইয়র্কের মড রাসেল কর্তৃক প্রকাশিত চীন-ভারত সংঘর্ষ নামক পুস্তিকাটির বিক্রয় অথবা প্রচার নিষিদ্ধ করিয়া দিয়াছেন। কারণ উহাতে ভারতের পক্ষে ক্ষতিকর সংবাদ পরিবেশিত এবং ১৯৬২ সালের ভারত রক্ষা বিধি লঙ্ঘিত হইয়াছে।

## জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন

## প্রাথমিক শেষ পরীক্ষা—১৯৬৩

আগামী ২৮শে, ২৯শে এবং ৩০শে নভেম্বর ৮৭টি বিভিন্ন কেন্দ্রে মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হইবে। এই বৎসর মোট ১৬,৭৭৭ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিবে।

নিম্নলিখিত কার্য্যসূচী অনুযায়ী পরীক্ষা গৃহীত হইবে।

| তারিখ | সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১টা পর্য্যন্ত | বৈকাল ২টা হ'তে ৩-৩০ মিঃ পর্য্যন্ত |
|---|---|---|
| ২৮শে নভেম্বর (বৃহস্পতিবার) | মাতৃভাষা | ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান |
| ২৯শে নভেম্বর (শুক্রবার) | গণিত | ইতিহাস |
| ৩০শে নভেম্বর (শনিবার) | সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১২টা পর্য্যন্ত ইংরেজী | |

পরীক্ষার প্রবেশপত্র-সমূহ সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির প্রধান শিক্ষক মহাশয়গণের নিকট প্রেরিত হইতেছে। যদি কোন ছাত্রছাত্রীর পরীক্ষার প্রবেশপত্র ২০শে নভেম্বরের মধ্যে না পৌছায় তাহা হইলে উক্ত সংবাদ নিম্নস্বাক্ষরকারীর নিকট পাঠাইলে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বিত হইবে।

জেলা বিদ্যালয় পরিদর্শক, মুর্শিদাবাদ।

## বৃহত্তম বিমান মহড়া

সম্ভাব্য চীনা আক্রমণের বিরুদ্ধে প্রস্তুতি হিসাবে আগামী নভেম্বর মাসের মাঝামাঝি ভারতে যুক্ত বিমান মহড়া অনুষ্ঠিত হইবে। বিশ্বের এই অংশে ইহাই বৃহত্তম বিমান মহড়া। এই 'শিক্ষা' মহড়ায় যোগ দিবেন চার সহস্রাধিক ভারতীয় বৈমানিক এবং ভারতীয় বিমান বহরের শতাধিক জঙ্গী ও বোমারু বিমান এবং ৭৫০ জন মার্কিন ও কমন-ওয়েলথভুক্ত দেশের বৈমানিক এবং ৩২টি আধুনিক বিমান। ভারতীয় বিমানবাহিনীর সর্বাত্মক অধিনায়কতায় এই মহড়া অনুষ্ঠিত হইবে।

## কলেরা রোগ

জঙ্গিপুর মহকুমার জঙ্গিপুর ও ধুলিয়ান মিউনিসিপ্যাল এলাকায়, ফরাক্কা, সমসেরগঞ্জ, সুতী ও রঘুনাথগঞ্জ থানার অনেকগুলি গ্রামে ব্যাপকভাবে কলেরা রোগ দেখা দিয়াছে। ইতিমধ্যে বহু মহাপ্রাণী উক্ত রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হইয়াছে।

রঘুনাথগঞ্জ থানার দফরপুর গ্রামে ৩০শে অক্টোবর পর্য্যন্ত দশ জনের এবং গিরিয়া গ্রামে ৪ জনের মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর ও ধনপতনগরে কয়েকজন উক্ত রোগে আক্রান্ত হইয়াছে।

ধুলিয়ান মিউনিসিপ্যাল এলাকায় উক্ত রোগে অনেকগুলি মহাপ্রাণী মহাপ্রয়াণ করিয়াছে। সরকারী স্বাস্থ্যবিভাগ হইতে প্রতিষেধক ইন্‌জেকসন দেওয়া হইতেছে।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই ডিসেম্বর, ১৯৬৩

১৯৬২ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ জ্যোতিন্দ্রনারায়ণ মজুমদার মৃতান্তে ওয়ারীশ পুত্র কালীপ্রসাদ মজুমদার দিং দেং সরোজাক্ষ মুখোপাধ্যায় দিং দাবি ১১৮৭'৪৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ১-৪০ শতকের কাত ২৲ আঃ ৬০০৲ খং ১০২ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৬০ শতকের কাত ১৲ আঃ ৩০০৲ খং ১০৩৭ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১-২৮ শতকের কাত ২৲ আঃ ৫০০৲ খং ২৫৬ ঐ স্বত্ব

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ, সদর রাস্তায় যে বাড়ীতে কালিকা ফার্ম্মেসী ছিল সেই বাড়ী বিক্রয় হইবে। রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে যোগাযোগ করুন।




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।